দৈনিক বাংলা

তারিখ 13.12.84
পৃষ্ঠা ... ... 5 ... কলাম ... 1 ... ...

0 021

যে পরীক্ষা ভন্ডুল হয়নি

আমাদের দেশে পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন হবার ঘটনা কমই ঘটে। অনেক বাধাবিঘ্ন অতিক্রম করেই তা অনুষ্ঠিত হয়। তবু পরীক্ষা হলেই ভাগ্য মানতে হয়। না হবার সম্ভাবনাও থাকে। ঢাকা নগরীর কলেজগুলির স্থগিত অনার্স পরীক্ষা শেষ পর্যন্ত বিশ্ববিদ্যালয় কেন্দ্রে এক ঘন্টা দেরী করে হলেও অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা ভন্ডুলের চেষ্টা ব্যর্থ হয়েছে। আমাদের দেশের শিক্ষাঙ্গনে এ শুধু ব্যতিক্রমধর্মী খবরই নয়, রীতিমত দৃষ্টান্তমূলক ঘটনাও।

পরীক্ষা বর্জনকারীদের সংগ্রামই সাধারণত জোরালো হয়। তার বিরুদ্ধে প্রতিরোধ যে থাকে না তা নয়। প্রতিরোধ সব সময়েই থাকে। কারণ সাধারণ ছাত্ররা অধিকাংশেই পরীক্ষা দিতে ইচ্ছুক। পরীক্ষাপর্ব অনির্দিষ্টকালের জন্যে স্থগিত থাকলে অর্থনৈতিক ভাবে এবং কর্মজীবন শুরু করার ব্যাপারে যে ক্ষতি হয় তা পোষাবার সাধ্য অধিকাংশ ছাত্রেরই নেই। তবু পরীক্ষা দিতে ইচ্ছুক ছাত্রদের পরীক্ষা বর্জনের বিরুদ্ধে প্রতিরোধ কখনো খুব একটা শক্তিশালী হয় না একথাও ঠিক। তার কারণও আছে। যারা পরীক্ষা বর্জনের সংগ্রাম শুরু করেন তারা সাধারণত সংগ্রামের ব্যাপারে বেশ অভ্যস্ত। হাতবোমা ফাটানো এবং অন্যান্য অস্ত্রশস্ত্র চালনাতেও তাদের অভ্যাস থাকতে পারে। এবারও পরীক্ষা ভন্ডুলের চেষ্টায় হাতবোমা ফাটানো হয়। সাধারণ ছাত্ররা যারা পরীক্ষা দিতে ইচ্ছুক তাদের অনেকেই এ ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে চান। অনেকে এসব হাঙ্গামাকে ভয়ও পান। খুব সম্ভব এসব কারণেই ইচ্ছা থাকলেও পরীক্ষা বর্জনের বিরুদ্ধে প্রতিরোধ জোরালো হয়নি কখনো।

কিন্তু এবার পরীক্ষা বর্জনকারীদের ব্যবহারে ক্ষুব্ধ হয়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধ হয়ে তাদের প্রতিহত করে। শিক্ষকরা মাইক হাতে নিয়ে পরীক্ষার জন্যে ডাক দিয়েছেন। এর ফলে কার্জন হলে শতকরা ৭০ ভাগ এবং কলাভবনে শতকরা ৩৪ ভাগ পরীক্ষার্থী পরীক্ষা দিতে সক্ষম হয়। বোঝা যাচ্ছে পরীক্ষা হয়ে যাবার ঘটনায় ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের অধিকাংশেরই সমর্থন আছে। তথাপি পরীক্ষা বর্জনের বিরুদ্ধে প্রতিরোধ যে অধিকাংশ সময় টেকে না এটা দুঃখের কথাই শুধু নয়। বিস্ময়কর ঘটনাও।

হয়ত বর্জনকারীদের যারা প্রতিরোধ করবেন তারা সবসময় নিজেদের ঐক্য এবং শক্তি সম্পর্কে যথেষ্ট আস্থাশীল হতে পারেন না। এবারের সাফল্য তাদের আস্থাশীল করতে সাহায্য করবে বলেই আমরা আশা করব। শিক্ষাঙ্গনে বিশৃংখলার বিরুদ্ধে প্রতিরোধ জেগে উঠুক এটাই কাম্য।